

এইচএসসি পরীক্ষার যুক্তিবিদ্যা প্রথমপত্রের প্রশ্ন বাতিল

■ মোঃ হাবিবুর রহমান, বরগুনা (বামনা) সংবাদদাতা
চলতি এইচএসসি পরীক্ষার যুক্তিবিদ্যা প্রথমপত্রের বহুনির্বাচনী ক, খ, গ ও ঘ সেট প্রশ্নপত্র গত বৃহস্পতিবার বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বাতিল করে এবং বিকল্প প্রশ্নপত্র মুদ্রণের যাবতীয় ব্যয়ভার পরিশোধের জন্য বরগুনার বামনা ডিগ্রি কলেজ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও কলেজ অধ্যক্ষ মোঃ মোস্তাফিজুর রহমান এবং হল সুপার সহকারী অধ্যাপক মোঃ কবিরুজ্জামানকে কারণ দর্শানোর নোটিস প্রদান করে।
বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মুহাম্মাদ শাহ আলমগীর কর্তৃক স্বাক্ষরিত ৫ মে ২০১৬ তারিখের একটি পত্রে বলা হয়, চলতি এইচএসসি পরীক্ষায় গত ২৪/০৪/২০১৬ তারিখে বামনা-৫২১ কেন্দ্রে সংঘটিত অনাকাঙ্ক্ষিত ঘটনার প্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটির মতামতের ভিত্তিতে যুক্তিবিদ্যা (১২১) ১ম পত্রের বহুনির্বাচনী ক, খ, গ ও ঘ সেট প্রশ্নপত্র বাতিল করা হয়েছে এবং বিকল্প প্রশ্নপত্র মুদ্রণ করা হচ্ছে। উল্লিখিত ঘটনার

জন্য দায়ী ব্যক্তি হিসেবে অধ্যক্ষ মোঃ মোস্তাফিজুর রহমান এবং সহকারী অধ্যাপক মোঃ কবিরুজ্জামানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য কেন্দ্রীয় কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করা হবে না এবং বিকল্প প্রশ্নপত্র মুদ্রণের যাবতীয় ব্যয়ভার পরিশোধ করতে তারা কেন্দ্রীয় থাকবেন না, তা কর্তৃপক্ষ জানতে চেয়েছে। পত্র প্রাপ্তির ৫ কর্ম দিবসের মধ্যে বরিশাল শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে সশরীরে উপস্থিত হয়ে জবাব দাখিল করার জন্য বলা হয়েছে।
উল্লেখ্য, বরগুনার বামনা উপজেলা সদরের বামনা ডিগ্রি কলেজ কেন্দ্রে এইচএসসি পরীক্ষায় ২৪ এপ্রিল অর্থনীতি প্রথমপত্রের পরিবর্তে যুক্তিবিদ্যা প্রথমপত্রের প্রশ্ন দেয়া হলে শিক্ষার্থীরা প্রতিবাদ করায় আধা ঘণ্টা পর অর্থনীতি প্রথমপত্রের প্রশ্ন দিয়ে পুনরায় পরীক্ষা নেয়া হয়। ঘটনাটি ইত্তেফাকে প্রকাশ হওয়াতে ২৬ এপ্রিল বরিশাল শিক্ষা বোর্ডের প্রতিনিধিরা বামনা থানা এবং বামনা ডিগ্রি কলেজে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার ভিত্তিতে এই ব্যবস্থা নেয়া হয়।

বিকল্প প্রশ্নপত্র মুদ্রণের
ব্যয়ভার পরিশোধের জন্য
বামনা ডিগ্রি কলেজ
কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা
ও হল সুপারকে কারণ
দর্শানোর নোটিস